

প্রকাশের তারিখঃ ২০/০৮/২০২২

স্থানঃ বিএসএমআরএইউ, ঢাকা ক্যাম্পাস

Contact; Chief PRI&P

Cell: 01769995062

Email: pripsectionbsmraau@gmail.com

### বিএসএমআরএইউ এর শিক্ষার্থীদের শিক্ষা সফর

‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় (বিএসএমআরএইউ)’ এর অ্যারোনটিকাল ইঞ্জিনিয়ারিং (অ্যারোস্পেস এবং অ্যাভিওনিক্স) বিভাগের শিক্ষার্থীবৃন্দ এবং ফ্যাকাফি সদস্যদের সমন্বয়ে একটি দল গত ২০ আগস্ট ২০২২ তারিখে তাজহাট জমিদার প্যালেস মিউজিয়াম, রংপুরে শিক্ষা সফরে গমন করেন। উক্ত বিভাগের ‘Bangladesh Studies and Sociology’



বিষয়ের পাঠ্যক্রমের অংশ হিসেবে আয়োজিত এ সফরের নেতৃত্ব প্রদান করেন গ্রুপ ক্যাপ্টেন মোঃ নূরুল হদা এবং প্রধান সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন প্রভাষক মোস্তাফিজুর রহমান।

সফরের শুরুতেই মিউজিয়ামের তত্ত্বাবধায়ক ইন চার্জ সফরকারী সকলকে স্বাগতম জানান এবং এ প্যালেসের



নির্মাণ শৈলী, দৃষ্টিনন্দন কারুকাজসহ বর্তমান অবস্থানে বিবর্তনের একটি বর্ণনা তিনি শিক্ষার্থীদের উপস্থাপন করেন। শিক্ষার্থীরা জাদুঘরের বিভিন্ন গ্যালারি পরিদর্শন করে বিভিন্ন ঐতিহাসিক প্রত্নতাত্ত্বিক সামগ্রী প্রত্যক্ষ করেন। পরবর্তীতে, তারা বাংলাদেশে স্থাপিত প্রথম প্লানেটরিয়াম সফর করে মহাকাশের বিস্ময় দেখে অভিভূত হন।

কোর্স কারিকুলামের অংশ হিসেবে এ শিক্ষা সফরটি শিক্ষার্থীদের জ্ঞানের ভুবন সমৃদ্ধ করেছে।